



**উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা কমিটি, লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলার সভার কার্য বিবরণী : জুলাই/২৩**  
সভাপতি - আকিব ওসমান  
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)

সভাপতি উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা কমিটি, লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা।  
স্থান :- উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা।  
সভার তারিখ:- ২৫/০৭/২০২৩খ্রি: , সময় - সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের পরিশিষ্ট- “ক” তে সন্নিবেশিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন, অতঃপর বিস্তারিত আলোচনার পর নির্মুক্ত সিদ্ধান্তবলী গৃহীত হয়।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	<p><b>প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত:-</b> উপজেলা সমাজ সেবা অফিসার (অঃদাঃ) লংগদু, সভায় জানান যে, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর প্রতিবন্ধীতা শনাক্তকরণ, নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কর্মসূচিটি সম্পূর্ণভাবে আইন ও নীতিমালার আলোকে সূত্র নং- ৪১.০০.০০০০.০৩৫.০৬.০০১.২১.৮৫ ২৪ মার্চ ২০২২ খ্রি: ও ০৫.৪২.৮৪০০.২০৫.০০৭.২২-২৪ এপ্রিল ২০২২খ্রি: মূলে প্রতিবন্ধী ব্যক্তিদের সুরক্ষা বিষয়ে নিয়মিত সভা করার নির্দেশনা রয়েছে। বিগত ২০১৩ সালের জুন মাস হইতে অত্র উপজেলা প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কর্মসূচি পরিচালিত হয়ে আসছে। জরিপ সংক্রান্ত কাজে উপজেলা সমাজসেবা কার্যালয়ের পাশাপাশি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তার এর সমন্বয়ে প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কার্যক্রম শেষ করে প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে প্রতিবন্ধী পরিচয় পত্র (সুবর্ণ নাগরিক) কার্ড অন্তর্ভুক্ত করা হচ্ছে। চলতি জুলাই/২০২৩ পর্যন্ত ১৬৫৪ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে প্রতিবন্ধী পরিচয় বিতরণ করার জন্য পরিচয় পত্র অনলাইনের ডাটা এন্ট্রির মাধ্যমে কাজ সম্পন্ন করা হয়। এবং ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত ১৩৯৪ জন প্রতিবন্ধী ব্যক্তিদের মাসিক ৮৫০ টাকা হারে ভাতা প্রদান করা হয়েছে ও চলমান আছে। এবং ২০২৩-২৪ অর্থবছরে অত্র উপজেলায় ১৬০ জন প্রতিবন্ধী ব্যক্তিদের পরিচয় পত্র (সুবর্ণ নাগরিক) কার্ডের জন্য আবেদন করেন। আবেদনকারীদের তথ্য ডাক্তার কর্তৃক যাচাই-বাছাই করে DIS সফটওয়্যারে এন্ট্রি করে কার্ড প্রস্তুত করা হয়েছে। অধিদফতর হতে নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন আহবান করা হবে। প্রতিবন্ধী পরিচয় পত্র (সুবর্ণ নাগরিক) কার্ডদারী ব্যক্তিদের মোবাইল নম্বর বিকাশ হিসাব খোলার জন্য ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রচার প্রচারণা চালানো হচ্ছে। মর্মে সভায় অবহিত করার নিমিত্তে বাস্তবায়ন কমিটির অধ্যাকার সভায় উপস্থাপন করা হলো। “জরিপ তালিকা পরিশিষ্ট-খ”</p>	<p>অধ্যাকার সভায় আলোচনামতে ২০২৩-২৪ অর্থবছরের ১৬০ জন আবেদন এবং জুলাই/২০২৩ পর্যন্ত সর্বমোট ১৬৫৪ টি প্রতিবন্ধী ব্যক্তির পরিচয় পত্র (আই.ডি কার্ড) ও নাল যাচাই-বাছাই করে ১৬৫৪টি কার্ড সঠিক পাওয়া যায়। উক্ত পরিচয় পত্র গুলো প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে বিবতনের জন্য চূড়ান্ত অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত হয় গৃহীত হয়। এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এবং বিধিমালা ২০১৫ নীতিমালার আলোকে পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতার অর্থ মোবাইল হিসাব বিকাশ নম্বরে সহজে পাওয়া ও আর্থিকসহ সকল প্রকার সুযোগ-সুবিধা প্রদান করা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ) কে দায়িত্ব প্রদানের সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়। “প্রতিবেদন পরিশিষ্ট-“খ” তে সন্নিবেশিত</p>	<p>উপজেলা সমাজ সেবা অফিসার (অঃদাঃ), উপজেলা সমাজসেবা কার্যালয়, লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা।</p>

অধ্যাকার সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
আকিব ওসমান

উপজেলা নির্বাহী অফিসার(অঃদাঃ)

ও


সভাপতি

উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা কমিটি,  
লংগদু, রাঙ্গামাটি পাঃ জেলা  
তারিখঃ- ২৭/০৭/২০২৩খ্রিঃ


স্মারক নং-৪১.০১.৮৪৫৮.০০০.০৬.১৭৬.২৩. ২৫৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লংগদু, রাঙ্গামাটি পাঃ জেলা।
- ৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাঙ্গামাটি পাঃ জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা কমিটি, লংগদু, রাঙ্গামাটি পাঃ জেলা।
- ৫। ভাইসচেয়ারম্যান, পুরুষ/ মহিলা উপজেলা পরিষদ, লংগদু, রাঙ্গামাটি পাঃ জেলা।
- ৬। চেয়ারম্যান----- (সকল) ইউনিয়ন, লংগদু, রাঙ্গামাটি পাঃ জেলা।
- ৭। জনাব, -----গন্যমান্য ব্যক্তি, লংগদু, রাঙ্গামাটি পাঃ জেলা।
- ৯। অফিস নথি।

  
জয়াস চাকমা

উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ)  
লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা  
মোবাইল নং-০১৫৫৬৫৯২৫৬

  
২৭/৭/২৩